



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2022

গভর্নর ক্যাথি হোকল

অভাবগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের সহায়তা প্রদান করার জন্য গভর্নর হোকল ছুটির খেলনা, কোট এবং স্কুলে ব্যবহার্য সামগ্রী সংগ্রহ করার অভিযান সম্পূর্ণ হয়েছে বলে ঘোষণা করেছেন

**সংগৃহীত 1,435টি অনুদান নিউ ইয়র্ক স্টেটের 10টি অঞ্চলের সবগুলো জুড়ে পরিবারগুলোর কাছে পৌঁছে যাবে**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেটের 10টি অঞ্চলের সবগুলো জুড়ে অভাবী পরিবারগুলোকে উপকৃত করার জন্য পরিচালিত নিউ ইয়র্কের বার্ষিক স্টেটব্যাপী অনুদান সংগ্রহ অভিযান সম্পন্ন হয়েছে। ছুটির দিনের এই দান করার মৌসুমে কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোকে সহায়তা করার জন্য নতুন প্যাকেট খোলা খেলনা, কোট ও স্কুলে ব্যবহার্য সামগ্রী দান হিসেবে সংগ্রহ করা হয়েছে।

"ছুটির মৌসুম আমাদের সামনে উপস্থিত হওয়ার এই সময়ে, নিউ ইয়র্কে দান করার স্পৃহা ভালোভাবে জীবন্ত হয়ে উঠেছে" বলেছেন গভর্নর হোকল। "আমি অংশগ্রহণকারী সবাইকে তাদের বিশাল বদান্যতার জন্য ধন্যবাদ জানাই, যা এটির সবচেয়ে বেশি প্রয়োজন থাকা পরিবারগুলোর জন্য আনন্দ ও ছুটির দিনের খুশি নিয়ে আসবে।"

অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services) কর্তৃক নির্ধারণ করা ড্রপ-অফ লোকেশনগুলোর মাধ্যমে, 1,435টি দান সংগ্রহ করা হয়েছে, যার মধ্যে 1,022টি খেলনা রয়েছে। দান করা খেলনা, কোট, জ্যাকেট, স্কুলে ব্যবহার্য সামগ্রী এবং শীতের পোশাকগুলো কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহ যেমন ইউনাইটেড ওয়ে অব নিউ ইয়র্ক স্টেট (United Way of New York State)-এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটজুড়ে সুবিধাবঞ্চিত পরিবারগুলোর মধ্যে বিতরণ করা হবে।

**অফিস অব জেনারেল সার্ভিসেস-এর কমিশনার জেনেট ময় বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ছুটির দিনের খেলনা, কোট ও স্কুলে ব্যবহার্য সামগ্রী সংগ্রহের অভিযান পরিচালনায় সহায়তা করতে পেরে OGS গর্বিত, এবং এই গুরুত্বপূর্ণ উদ্দেশ্য সামনে রেখে যারা দান করেছেন সেসব নিউ ইয়র্কবাসীকে ধন্যবাদ দেওয়ার ক্ষেত্রে আমি গভর্নর হোকলের সঙ্গে যোগ দিতে চাই। আমাদের হৃদয়কে উন্মুক্ত করা এবং অন্যদেরকে দান করাই ছুটির মৌসুমের মূল চেতনা।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418